

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

কৃষি বিপণন অধিদপ্তরের আগস্ট, ২০১৯ (সেপ্টেম্বর, ২০১৯ মাসে অনুষ্ঠিত) মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মোহাম্মদ ইউসুফ মহাপরিচালক কৃষি বিপণন অধিদপ্তর।
তারিখ	:	০৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ।
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	:	সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ

সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ	সিদ্ধান্ত	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
১.	গত ২২/০৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।	গত ২২/০৮/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়। সিদ্ধান্ত-১: ২২/০৮/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	প্রশিক্ষণ ও সমন্বয় শাখা।
২.	বাজারদর পর্যালোচনাঃ ঢাকা শহরে চাল (মাকারী), মসুর (দেশী), পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), আলু হল্যান্ড এর দাম বৃদ্ধি পেয়েছে। ০৭টি বিভাগে আলু (হল্যান্ড সাদা), রসুন (দেশী ও আমদানীকৃত), পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), টমেটো ও ডিম(হাঁস ও মুরগী)-এর দাম বৃদ্ধি পেয়েছে।	বাজার মূল্য পরিস্থিতি পর্যালোচনাকালে উপ-পরিচালক (বাজার সংযোগ) সভায় ঢাকা মহানগরী এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-‘খ’)। বাজারদর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। ১: (ক) ঢাকার সাথে লোকাল বাজারের চালের মূল্যের বড় ধরনের পার্থক্য থাকার কারণ নির্ণয় ও করণীয় নির্ধারণ পূর্বক উপ-পরিচালকগণ লিখিত সুপারিশ প্রদান করবেন। প্রধান কার্যালয়ের গবেষণা শাখা এর উপর প্রতিবেদন প্রস্তুত করবেন। যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), আলু (হল্যান্ড সাদা), ডিম(হাঁস ও মুরগী) সহ সকল কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে বিভাগীয় উপ-পরিচালকগণ মনিটরিং জোরদার করবেন এবং পণ্য মূল্য বৃদ্ধির কারণ ব্যাখ্যাসহ যথাসময়ে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপ-পরিচালক (বাজার সংযোগ)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই(সকল)

(Handwritten signature)

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ	সিদ্ধান্ত	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
		খ) বাজারদর সংগ্রহকারীরা প্রকৃত অর্থেই যেন বাজারদর সংগ্রহ করে সে ব্যাপারে একটি নির্দেশনা পত্র প্রেরণ করতে হবে। বিভাগীয় সহকারী পরিচালকগণ অনলাইন বাজারদর যাচাই এবং মনিটরিং কর্মকর্তা হিসেবে নিজ নিজ জেলা কর্মকর্তাদের মনিটরিং করবেন। যে সকল জেলা থেকে কৃষকপ্রাপ্ত সাপ্তাহিক বাজারদর প্রেরণ করা হয়নি সে সকল জেলাকে সময়মত প্রতিবেদন পাঠানোর জন্য নির্দেশ প্রদান করতে হবে।	বিভাগীয় উপ-পরিচালক (সকল)। বিভাগীয় সহকারী পরিচালক (সকল)।
৩.	বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন ৬৪টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সন্তোষজনক।	১: (ক) কৃষি বিপণন আইন, ২০১৮ মোতাবেক কৃষিপণ্যের যৌক্তিক মূল্য বাস্তবায়নে বিভাগসমূহে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে ইতোমধ্যে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা আগামী সভায় উল্লেখ করতে হবে। খ) যৌক্তিক মূল্য বিষয়ে ঢাকা শহরে যেভাবে যৌক্তিক মূল্য নির্ধারণ করা হয়েছে ঐ একই প্রক্রিয়ায় বিভাগ ও সকল জেলায় যৌক্তিক মূল্য নির্ধারণ করতে হবে। গ) কৃষি পণ্যের ব্রান্ডিং এর জন্য কি করা যেতে পারে তার রূপরেখা প্রণয়ন করতে হবে। সকল উপ-পরিচালক বিভাগ থেকে কি কি পণ্য ব্রান্ডিং করা যায় তা যাচাই পূর্বক মহাপরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন। ঘ) আগামী ০৯ মাসের মধ্যে জেলাগুলোতে নিরাপদ খাদ্য ও কৃষি পণ্য বিপণন করণের চালু করতে হবে এবং আগামী সভায় কোন ডিডি কতটা করণের চালু করতে পেরেছে তা জানাতে হবে।	উপ-পরিচালক (বাজার সংযোগ)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। উপ-পরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপ-পরিচালক (সকল)। বিভাগীয় উপ-পরিচালক ডিএমও/ডিএমআই
৪.	গবেষণা শাখাঃ সারাদেশে মোট ৩৭২টি চালু হিমাগার রয়েছে, মোট ধারণ ক্ষমতা ২৯.২৯৬ লক্ষ মেঃ টন। ২০১৯ সনে আলু সংরক্ষিত হয়েছে (খাবার আলু ১৬.৯০ লক্ষ মেঃ টন ও বীজ আলু ৬.৮৮ লক্ষ মেঃ টন) = ২৩.৭৮ লক্ষ মেঃ টন। সভায় গবেষণা শাখা কর্তৃক বর্তমান অর্থবছরে ৬টি ফসলের Value Chain Analysis-কার্যক্রমের অগ্রগতি আলোচনা করা হয়। সভায় জানানো হয় ৪টি ফসলের Value Chain Analysis-কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং ফুল ও আমের Value Chain Analysis- কার্যক্রম চলমান আছে।	১:(ক) আম ও ফুলের Value Chain Analysis সম্পন্ন পূর্বক মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। খ) সংশ্লিষ্ট জেলাসমূহের গুরুত্বপূর্ণ কৃষি পণ্যের উৎপাদন তথ্য, আমদানী, গহিদা ও সরবরাহ পরিস্থিতি প্রতিবেদন আকারে প্রেরণ করতে হবে। গ) গবেষণা শাখার কার্যক্রম আরও বাড়াতে হবে এবং কি কি নতুন বিষয় সংযুক্ত করা হয়েছে তা আগামী সভায় উপস্থাপন করতে হবে। ঘ) ধান, চাল, পিয়াজ, আদা, আলু এবং টমেটোর উৎপাদন, আমদানী ও রপ্তানীর তথ্য এবং ধান ও দেশীয় ফলের উৎপাদন তথ্য প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন এবং প্রত্যেক শাখায় প্রেরণের ব্যবস্থা রাখতে হবে।	উপ-পরিচালক (গবেষণা)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)/ডিএমও/ডিএমআই উপ-পরিচালক (গবেষণা) উপ-পরিচালক (গবেষণা)

